

মতামত খবর

সকল পাতা



Click and get SMS with tk 500 discount on your^w next order

Get Discount Code

বড় ৭ বিশ্ববিদ্যালয়ের দুটি বাংলাদেশে

Published : Saturday, 21 January, 2017 at 12:00 AM, Count : 89

১+



দিলরুবা সুমী: ছাত্র-ছাত্রীর সংখ্যার বিচারে বিশ্বের সবচেয়ে বড় সাত বিশ্ববিদ্যালয়ের মধ্যে বাংলাদেশের রয়েছে দুটি প্রতিষ্ঠান। এর মধ্যে অধ্যয়নরত প্রায় ২১ লাখ ছাত্র-ছাত্রী নিয়ে দ্বিতীয় অবস্থানে রয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়। আর প্রায় সাড়ে ৬ লাখ ছাত্র-ছাত্রী নিয়ে সপ্তম অবস্থানে রয়েছে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। উইকিপিডিয়া থেকে এ তথ্য পাওয়া যায়। ছাত্র-ছাত্রীর সংখ্যার বিচারে বিশ্বের বৃহত্তম ৬১ বিশ্ববিদ্যালয়ের তালিকা দেওয়া হয়েছে উইকিপিডিয়াতে। এ তালিকায় প্রথম স্থানে আছে ভারতের দিল্লিতে অবস্থিত ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি। এই পাবলিক বিশ্ববিদ্যালয়টি ১৯৮৫ সালে প্রতিষ্ঠা করা হয়। এতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী আছে প্রায় ৩৫ লাখ। আর এক লাখ ছাত্র-ছাত্রী নিয়ে ৬১তম স্থানে রয়েছে মালয়েশিয়ার শাহআলমে ১৯৫৬ সালে প্রতিষ্ঠিত মারা ইউনিভার্সিটি অব টেকনোলজি। এক সময় সরকারি ও বেসরকারি কলেজগুলো ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত ছিল। অধিভুক্ত কলেজগুলোর তদারকি করতে গিয়ে এই বিশ্ববিদ্যালয়গুলো তাদের অভ্যন্তরীণ শিক্ষা কার্যক্রম পরিচালনায় সমস্যায় পড়ত। তাই বিশ্ববিদ্যালয়গুলোর চাপ কমাতে এবং অধিভুক্ত কলেজগুলোর মানোন্নয়নে ১৯৯২ সালে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়। মূল ক্যাম্পাস গাজীপুরে অবস্থিত এই পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে বর্তমানে সরকারি ও বেসরকারি ২১৫৪টি কলেজ রয়েছে।

আর বিভিন্ন কারণে স্কুল ছেড়ে দিতে বাধ্য হওয়ায় যারা পরবর্তী সময়ে আবার শিক্ষা অর্জন করতে চায় তাদের কথা চিন্তা করে ১৯৯২ সালে প্রতিষ্ঠা করা হয় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। গাজীপুরে এই বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস অবস্থিত। এর অধীনে ১৪৭৮টি স্টাডি সেন্টার রয়েছে।

ছাত্র-ছাত্রীর দিক দিয়ে তৃতীয় অবস্থানে রয়েছে তুর্কির আনাতুলো ইউনিভার্সিটি। ১৯৫৮ সালে প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রী আছে প্রায় ২০ লাখ। ইরানের বেসরকারি বিশ্ববিদ্যালয় ইসলামিক আজাদ ইউনিভার্সিটি প্রায় ১৭ লাখ ছাত্র-ছাত্রী নিয়ে চতুর্থ স্থানে আছে। এটি ১৯৮২ সালে প্রতিষ্ঠা করা হয়। অন্যদিকে পঞ্চম স্থানে থাকা পাকিস্তানের ইসলামাবাদে ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত আল্লামা ইকবাল ওপেন ইউনিভার্সিটিতে শিক্ষার্থী আছে প্রায় ১৪ লাখ। আর ইরানের তেহরানে ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত পেয়ামি নূর ইউনিভার্সিটি প্রায় ৮ লাখ শিক্ষার্থী নিয়ে তালিকায় ষষ্ঠ স্থানে রয়েছে।

Click and get SMS with tk 500 discount on your^w next order



Get Discount Code